



বই কেনার প্রবণতা বেড়েছে

পাঠক-কেন্দ্র

জাতীয় গ্রন্থকেন্দ্র আয়োজিত অষ্টম ঢাকা বইমেলা গ্রন্থপ্রেমিক দর্শক-ক্রেতা থেকে শুরু করে লেখক-প্রকাশক সকলেরই সপ্রশংসে মনোযোগ ও দৃষ্টি আকর্ষণ করেছে। বলা যায়, এই প্রথমবারের মত ঢাকা বইমেলা সংশ্লিষ্ট সকলের কাছে গুরুত্বপূর্ণ হয়ে উঠল।

গত ক'বছরের তুলনায় এবারের মেলায় বইয়ের আগমন এবং বিক্রিও বেড়েছে উল্লেখযোগ্য পরিমাণে। এছাড়া কেবল বই প্রদর্শনী ও বিক্রিই নয়, প্রতিদিনই গ্রন্থবিষয়ক নানা ধরনের অনুষ্ঠান বিশেষভাবে উৎসবমুখর করে রেখেছে বইমেলাকে। যার ফলে মেলায় আগত সব বয়সী দর্শক-ক্রেতাদের মধ্যে বই কেনার প্রবণতাও আগের তুলনায় অনেক বেশী লক্ষ্য করা যাচ্ছে এবার। বলা চলে, যারাই মেলায় আসছেন, কেউই যেন খালি হাতে ফিরছেন না। প্রায় প্রত্যেকের হাতেই দেখা যাচ্ছে বই।

পাঠকদের মনোযোগ আকর্ষণ করেছে। বই দুটি হচ্ছে : 'জীবনের শিল্পান্যাস (আত্মজীবনী)' এবং 'বাংলাদেশী জাতীয়তাবাদ : আমাদের আত্মপরিচয়'। দুটি বই-ই প্রকাশ করেছে বাড কমপ্লিট এন্ড পাবলিকেশন্স। এই প্রকাশনীর আরও কয়েকটি বইয়ের মধ্যে ড. মুহাম্মদ ফজলুল হকের 'নবাব সিরাজউদ্দৌলা ও বাংলার মসনদ', কবি আবদুল হাই শিকদারের 'নিপ্পন নিসাদাত : জাপান কাহিনী', 'আশরাফ আলী খানভী (৪)-এর পারিবারিক জীবন', নারীগ্রন্থ প্রবর্তনার ৬০টি বইয়ের মধ্যে 'বেগম রোকেয়া : অর্জনের ইতিহাস', 'সাঁইজীর দৈন্যগান', 'ইন্টারভিউচারের ডায়েরি' (ফেরহাদ মজহার); স্বদেশ প্রকাশনী থেকে কবি মুশাররফ করীমের নির্বাচিত কবিতা ও উপন্যাস 'প্রথম বৃষ্টি'; প্যানোরমা পাবলিকেশন্স থেকে আবুল কাসেম হায়দারের ১৯টি বইয়ের মধ্যে 'দেশনায়ক জিয়া' একুশ শতকের চ্যালেঞ্জ : 'শহীদ জিয়া' প্রতি বই দর্শক-ক্রেতার মনোযোগ

